দর্শনায় ৩য় শ্রেণির ছাত্রীকে ধর্ষণের অভিযোগে মাদরাসা পরিচালক আটক

দর্শনায় মাসুমা জান্নাত মহিলা মাদরাসা এতিম খানা ও বিল্লাহ বেডিং এর তৃতীয় শ্রেণির এক ছাত্রীকে ধর্ষণের অভিযোগে মাদ্রাসার পরিচালক মুফতি গোলাম কিবরিয়া (৫৫) কে আটক করেছে পুলিশ।

ধর্ষণের শিকার ছাত্রীর ডাক্তারী পরীক্ষা ও বিজ্ঞ আদালতের বিচারকের নিকট জবানবন্দি পেশ করেছে। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সকাল ১০টার দিকে। এদিকে অভিযুক্ত মাদরাসার পরিচালক গ্রেফতারকৃত গোলাম কিবরিয়ার দৃষ্টন্তমূলোক শাস্তি ও মাদরাসার সকল কার্যক্রম বন্ধের দাবি জানিয়েছে এলাকাবাসি।

জানাগেছে, দর্শনা পৌর এলাকার হল্টস্টেশন তেতুল তলায় ২০১৬ সালে প্রতিষ্ঠিত হয় মাসুমা জান্নাত মহিলা মাদরাসা এতিম খানা ও বিল্লাহ বেডিং। এর পরিচালকের দায়িত্ব পালন করছেন বিতর্কীত এবং আলোচিত মুফতি গোলাম কিবরিয়া, স্ত্রী, জামাতা ও মেয়ে।

অভিযোগে জানা যায়, ওই মাদরাসার তৃতীয় শ্রেণীর একছাত্রীকে সপ্তাহ খানিক আগে ধর্ষণ করেন পরিচালক গোলাম কিবরিয়া। ঘটনা জানাজানি হলে বৃহস্পতিবার সকাল ১০টার দিকে এলাকাবাসি পরিচালককে আটক করে। পরে দর্শনা থানা পুলিশের হাতে তুলে দেন।

দর্শনা থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এএইচএম লুৎফুল কবীর বলেন, সকালে ভুক্তভূগী ওই ছাত্রীর বাবা মৌখিকভাবে অভিযোগ করে। এরপরই আমরা অভিযান চালিয়ে মাদরাসার পরিচালক মুফতি গোলাম কিবরিয়াকে আটক করেছি। এ ঘটনায় ওই ছাত্রীর বাবা বাদী হয়ে দর্শনা থানায় মামলা দায়ের করেছেন।

মামলার তদন্তকারী অফিসার এসআই আহম্মেদ বিশ্বাস বলেন, মেয়ের পিতা বাদি হয়ে মামলা দায়ের করেছেন। যার মামলা নং-৬। তারিখ ০৭/০৪/২২। নিপীড়িত শিক্ষার্থীর ডাক্তারী পরীক্ষা এবং বিজ্ঞ আদালতের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রিটের বিচারক ধর্ষণের শিকার ছাত্রীর জবান বন্দি রেকর্ড করানো হয়েছে। সেই সাথে ৫ দিনের রিমাণ্ডের আবেদন করা হয়েছে। এদিকে মাদ্রাসার সকল শিক্ষার্থী ও শিক্ষক এবং

শিক্ষিকা মাদ্রাসা ত্যাগ করেছে। সন্ধ্যায় বিক্ষিপ্ত জনতা মাদ্রাসার সাইনবোর্ড ভাংচুর করেছে।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, আমাদের সকল কার্যক্রম স¤পন্ন করে আসামীকে আদালতে সোপর্দ করেছি। উল্লেখ, মুফতি গোলাম কিবরিয়া কুষ্টিয়া জেলার ভেড়ামারা উপজেলার কুচিয়ামোড় গ্রামের মৃত নজির হোসেনের ছেলে।

দর্শনা জামে মসজিদের ঈমাম থাকা অবস্থায় তিনি নানা বিতর্কের জন্ম দেন। যার কারণে ২০১৬ সালে চাকারী চ্যুত হয়ে মাদরাসা খুলে লেবাসের আড়ালে ধর্ম ব্যবসা শুরু করেন।

এ মাদরাসায় ২০২০ সালের ৪ নভেম্বর কুন্দিপুর গ্রামের দুলালের মেয়ে আফসানা খাতুন দোলা (০৯) মৃত্যু বরণ করে। যার প্রকৃত ঘটনা আজও রহস্যবৃত্ত। ঘটনার পর থেকে অভিযুক্ত গোলাম কিবরিয়ার দৃষ্টন্তমূলক শাস্তির দাবি ও মাদরাসার সকল কার্যক্রম বন্ধর দাবি জানিয়েছে এলাকাবাসি।

কুষ্টিয়ায় নকল লেবেল যুক্ত বিপুল পরিমাণ লুঙ্গিসহ আটক ১

কুষ্টিয়ার কুমারখালী কাপড়ের হাট থেকে বিভিন্ন কোম্পানির বিপুল পরিমাণ নকল লেবেলসহ একজনকে আটক করেছে সিআইডি পুলিশ।

বৃহস্পতিবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে ঐতিহ্যবাহী কুমারখালী কাপড়ের হাটের একটি দোকানে অভিযান চালায় সিআইডি।

সেখানে শাহ্ আমানত লুঙ্গীর নকল লেবেল বিক্রির সময় ব্যবসায়ী আরজুকে আটক করে সিআইডি পুলিশ। অভিযানে শাহ্ আমানত লুঙ্গিসহ বিভিন্ন কোম্পানির অন্তত ২০ হাজার নকল লেবেল পাওয়া যায় তার কাছে। এসব লেবেল সাধারণ কাপড়ের গায়ে লাগিয়ে ভোক্তাদের সঙ্গে দীর্ঘদিন ধরে প্রতারণা করে আসছে একটি চক্র।

অভিযান পরিচালনাকারী সিআইডি’র ইন্সপেক্টর হারুন অর রশীদ জানান,

দীর্ঘদিন ধরে একটি চক্র নকল লেবেল লাগিয়ে ক্রেতাদের সাথে প্রতারণা করে আসছিল। এমন সংবাদের ভিত্তিতে তাঁরা এ অভিযান চালায়।

সিআইডি আরো জানায়, এই চক্রের সঙ্গে শুধু গ্রেপ্তারকৃত আরজু নয়; আরো অনেকেই জড়িত। এর সঙ্গে যে বা যারা জড়িত রয়েছে তাদেরকেও চিহ্নিত করে আইনের আওতায় আনা হবে বলে সিআইডির পক্ষ থেকে জানানো হয়েছে।

কুষ্টিয়ায় ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

কুষ্টিয়ায় র্যাবের অভিযানে ফেনসিডিলসহ এক মাদক ব্যবসায়ী গ্রেফতার হয়েছে। বৃহস্পতিবার দুপুরে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানিয়েছে র্যাব।

র্যাব জানান, কুষ্টিয়া র্যাব ক্যাম্পের একটি দল গত বুধবার রাত ৯টার সময় কুষ্টিয়া শহরের গোশালা রোডে একটি মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। অভিযানে ৮ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। যার আনুমানিক মূল্য ৮ হাজার টাকা।

এ সময় কুষ্টিয়া শহরের পশ্চিম মজমপুর এলাকার বাসিন্দা মো. আব্দুস সাত্তার মালিথার ছেলে মো. আসাদুজ্জামান (৩৮) কে গ্রেফতার করা হয়।

পরে গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীকে কুষ্টিয়া সদর থানায় সোপর্দ করে মাদক আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

গাংনীর বিডিটি মাধ্যমিক বিদ্যালয়ের বেঞ্চ চুরির ঘটনায় আরো দুজন গ্রেফতার

গাংনী উপজেলার (ভরাট-তেরাইল-দুর্লভপুর) বিটিডি মাধ্যমিক বিদ্যালয়ের চুরি হওয়া বেঞ্চের কাঠ ও হাতুড়ি উদ্ধারের ঘটনায় সদিঘ্ন আরো দুই জন্যকে গ্রেফতার করেছেন গাংনী থানা পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন উপজেলার উত্তরভরাট গ্রামের শহিদুল ইসলামের ছেলে জাহাঙ্গীর হোসেন (৩৪) ও আলাউদ্দীন (৩৩)।
মামলার তদন্তকারী অফিসার গাংনী থানার উপপরিদর্শক (এসআই) টিপু সুলতান সঙ্গীয় ফোর্সসহ গতকাল বুধবার বিকালের দিকে উত্তরভরাট গ্রামে অভিযান চালিয়ে এ দুজনকে গ্রেফতার করেন।

এর আগে গত বৃহস্পতিবার রাত ৮টার দিকে মামলার প্রধান আসামী উত্তর ভরাট গ্রামের পূর্বপাড়া এলাকার ইমরান হোসেনের ছেলে আজমাইল হোসেনের বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করেন। এসময় তার বাড়ি থেকে বিডিটি মাধ্যমিক বিদ্যালয় থেকে চুরি যাওয়া প্রচুর পরিমাণ বেঞ্চের কাঠ উদ্ধার করা হয়।

পরে আটক আজমাইন হোসেনকে গাংনী প্রথম শ্রেনীর আমলী আদালতের বিজ্ঞ জুডিশীয়াল ম্যাজিষ্ট্রেট তরিকুল ইসলামের আদালতে নিলে সে ১৬৪ ধারায় জবান বন্ধীতে এদুজনের নাম প্রকাশ করে।

বামন্দী পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই শরীফ হাবিবুর রহমানের নেতৃত্বে এএসআই শরিফুল ইসলাম ও এএসআই বিপ্লব হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান চালান।

এর আগে গত মঙ্গলবার রাতে বিটিডি মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণী কক্ষের ছাউনীর টিন কেটে ভিতরে প্রবেশ করে ১৬টি বেঞ্চের উপরের কাঠ (তক্তা) চুরি করে চোরের দল।

গাংনী থানার ভারপ্রাপত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, আটকদের আজ বৃহস্পতিবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

আলমডাঙ্গায় মাদক সেবনের অপরাধে যুবকের কারাদণ্ড

আলমডাঙ্গায় মাদক সেবনের দায়ে আরো একজনের দেড় বছরের কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। বুধবার বিকেল সাড়ে ৪ টার দিকে উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর এ আদেশ প্রদান করে। সাজাপ্রাপ্ত রনি পৌর এলাকার গোবিন্দপুর মাঠপাড়ার গোলাপ হোসেনের ছেলে।

জানাগেছে, আলমডাঙ্গা পৌর এলাকার গোবিন্দপুর মাঠপাড়ার গোলাপ হোসেনের ছেলে রনি (৩৫)। দীর্ঘদিন যাবৎ গোপনে মাদক সেবন করে আসছে। এছাড়াও মাদক সেবন করে এলাকাবাসীদের বিশৃঙ্খলা সৃষ্টি করে। গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানা পুলিশ রনিকে ট্যাপেন্ডা ডল ট্যাবলেটসহ রনিকে আটক করে।

পুলিশ উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরকে জানালে ঘটনাস্থলে উপস্থিত হয়ে মাদক সেবী রনিকে দেড় বছরের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করে।

হত্যা চেষ্টার অভিযোগে ইউএনও’র বাবা ও ভায়ের বিরুদ্ধে মামলা

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাটি কাটাকে কেন্দ্র করে ব্যবসায়ীকে হত্যা চেষ্টার অভিযোগে এক নারী ইউএনও’র বাবা ও ভায়ের বিরুদ্ধে মামলা করেছেন ভুক্তভোগী এক ব্যবসায়ী।

গত সোমবার রাতে মহেশপুর উপজেলার মৃত আয়ুব হোসেনের ছেলে ব্যবসায়ী জাহাঙ্গীর হোসেন (৩৭) বাদী হয়ে কোটচাঁদপুর মডেল থানায়

৫ জনের নাম উল্ল্যেখ পূর্বক অজ্ঞাত ৩/৪ জনের নামে মামলাটি দায়ের করেন।

আসামীরা হলেন, উপজেলার সিঙ্গীয়া গ্রামের মৃত সৈয়দ আলী মন্ডলের ছেলে ও ইউএনও’র বাবা তোয়াজ উদ্দিন (৬০), ভাই সাজ্জাদ (৫০), তোয়াজের ছেলে মোঃ পারভেজ এবং একই গ্রামের মৃত আব্দুল মান্নানের ছেলে মোঃ রয়েল হোসেন ও মোঃ খলিল (৩০)।

মামলার এজাহার সূত্রে জানা যায়, উপজেলার সিঙ্গীয়া গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশে একটি পুকুরের মাটি খনন ও পাড় বাধানোর জন্য বাদী জাহাঙ্গীর হোসেনের সঙ্গে আসামীদের ২০ হাজার টাকায় চুক্তি হয়।

চুক্তি অনুযায়ী বাদী জাহাঙ্গীর হোসেন ১২ হাজার টাকা বিবাদী তোয়াজকে প্রদান করে। পরবর্তিতে পুকুর বাধানো হলেও বৃষ্টির জন্য মাটি খনন করতে পারেনি ব্যবসায়ী জাহাঙ্গীর।

গত রবিবার বেলা ১০ টার দিকে ওই ব্যবসায়ী ঘটনাস্থলে গিয়ে দেখেন আসামীরা জোরপূর্বক ভেকু মেশিন দ্বারা মাটি খনন করছে। এসময় তিনি বাধা দিলে তারা জাহাঙ্গীরের উপর ক্ষিপ্ত হয়।

এক পর্যায়ে আসামীরা রড ও লোহার হাতুড়ী সহ দেশীয় অস্ত্র দিয়ে ওই ব্যবসায়ীকে পিটিয়ে গুরতর জখম করে। স্থানীয়রা তাকে উদ্ধার করে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে ভর্তি করেন।

চিকিৎসকরা জানায়, আঘাতের ঘটনায় ব্যবসায়ী জাহাঙ্গীরের একটি পা ও একটি হাত ভেঙ্গে গেছে। এঘটনায় ভুক্তভোগী ব্যবসায়ী গত সোমবার কোটচাঁদপুর থানায় হত্যা চেষ্টার অভিযোগে মামলা করেন।

এব্যাপারে মামলার তদন্তকারী কর্মকর্তা কেটচাঁদপুর থানার উপ-পরিদর্শক এসআই হাসানুর রহমান জানান, আসামীদের গ্রেফতারে অভিযান চালানো হচ্ছে।

অভিযোগ আছে, তোয়াজ উদ্দিনের মেয়ে প্রশাসনিক ও মেয়ে জামাই পুলিশ কর্মকর্তা হওয়ায় তিনি আইনকে তোয়াক্কা না করে বিভিন্ন সময় জমি দখল সহ পুলিশ, সংবাদকর্মী এবং সাধারণের উপর হামলা করেন।

ঝিনাইদহে ৪৫৭ বোতল ফেন্সিডিলসহ এক মাদক ব্যবসায়ী গ্রেপ্তার

ঝিনাইদহের কালীগঞ্জ থেকে ৪৫৭ বোতল ফেন্সিডিলসহ এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে র্যাব-৬। বুধবার সকালে র্যাবের পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা যায়,

গত মঙ্গলবার রাতে র্যাব-৬ এর একটি বিশেষ আভিযানিক দল গোপন তথ্যের মাধ্যমে জানতে পারে যে, ঝিনাইদহ কালীগঞ্জ থানার (চুয়াডাঙ্গা-যশোর) মহাসড়কের আলাইপুর রোডে মাদকসহ একটি পিকআপ ভ্যানে কতিপয় মাদক ব্যবসায়ী মাদক সরবরাহ করে।

সেই তথ্যের ভিত্তিতে ঘটনার সত্যতা যাচাই ও আইনানুগ ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে র্যাবের ওই দলটি ঝিনাইদহ জেলার কালীগঞ্জ থানাধীন আলাইপুর জামতলা বাজারে চেকপোষ্ট স্থাপনের মাধ্যমে সন্ধেহজনক পিকআপের উপর অভিযান পরিচালনা করে মাদক ব্যবসায়ী মো: বুলবুল মল্লিক (৩২) কে গ্রেপ্তার করে।

সে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা গ্রামের অশিস মল্লিকের ছেলে।

গ্রেপ্তারের সময় আসামীর হেফাজত থেকে ৪৫৭ বোতল ফেন্সিডিল, ১টি মোবাইল, ২টি মোবাইল সিমকার্ড, ১টি পিকআপ এবং নগদ-২৮১০ টাকা উদ্ধার করা হয়।

জব্দকৃত আলামত ও গ্রেপ্তারকৃত আসামীকে ঝিনাইদহ জেলার কালীগঞ্জ থানায় হস্তান্তর করে মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা রুজু করা হয়েছে।

হাইকোর্টের অতিরিক্ত রেজিস্ট্রার হিসেবে নিয়োগ পেলেন মেহেরপুরের সন্তান রুপক

চট্টগ্রাম সাইবার ট্রাইব্যুনালের বিচারক জেলা জজ এস.কে.এম. তোফায়েল হাসান ওরফে রুপককে বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রার নিয়োগ দেওয়া হয়েছে। তিনি মেহেরপুরের কৃতি সন্তান।

রাষ্ট্রপতির আদেশক্রমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব শেখ গোলাম মাহবুব স্বাক্ষরিত রোববার (৩ এপ্রিল) জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানা গেছে।

প্রজ্ঞাপনের তথ্য অনুযায়ী, প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর অভিপ্রায় অনুযায়ী বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে কর্মরত এস.কে.এম. তোফায়েল হাসানকে বর্তমান কর্মস্থল থেকে বদলি করা হয়েছে। পুনরাদেশ না দেওয়া পর্যন্ত হাইকোর্ট বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রার হিসেবে প্রেষণে নিয়োগের জন্য তাঁর চাকরি প্রধান বিচারপতির অধীন ন্যস্ত করা হয়েছে।

এদিকে হাইকোর্ট বিভাগের অতিরিক্ত রেজিস্ট্রার জেলা ও দায়রা জজ রুহুল আমীনকে রাজবাড়ী জেলা ও দায়রা আদালতে নিয়োগ/বদলির জন্য অবমুক্ত করা হয়েছে। হাইকোর্টের রেজিস্ট্রার মো. গোলাম রব্বানী স্বাক্ষরিত পৃথক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে।

দর্শনায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান ৩ জনকে জরিমনা

পবিত্র মাহে রমজান মাসে দ্রব্যমূল্যর পরিস্থিতি স্বাভাবিক রাখতে দর্শনা বাজার মনিটরিং করছে দামুড়হুদা উপজেলা প্রশাসন।

মঙ্গলবার দুপুরে দর্শনা বাসষ্ট্যান্ডে ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। এ অভিযানে দর্শনা বাসস্ট্যান্ডে অবস্থিত রান্নাঘর খাবার হোটেলে অভিযান চালায়। খাবার হোটেলে অস্বাস্থ্যকর খাবার ও নোংরা পরিবেশের দায়ে হোটেলে মালিক ইসমাইলকে ১ হাজার ৫শ টাকা জরিমানা আদায় করে।

পরে দর্শনা বাসষ্ট্যান্ডে কেজিতে তরমুজ বিক্রি ও ভুয়া ভাউচার রাখার অপরাধে রুবেল হোসেন নামের এক তরমুজ ব্যবসায়ীকে ১ হাজার টাকা জরিমানা আদায় করে।

অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার ও ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট তাছলিমা আক্তার।

এসময় উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার বলেন, কেজিতে তরমুজ বিক্রি করা যাবে না, যে বিক্রি করবে সাথে সাথে আমাকে খবর দেবেন আমি ব্যাবস্থা নেব এবং দুই তরমুজ ব্যবসায়ীকে সর্তক করে মুচলেখা নেন।

পরে দর্শনা রেল বাজারের এক গুড়ের দোকানে অভিযান চালায় ওই দোকানে অস্বাস্থ্যকর পরিবেশের দায়ে ১ হাজার টাকা জরিমানা আদায় করে।

ভ্রাম্যমান আদালত পরিচালনায় সহযোগীতা করেন দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও স্যানেটারী ইন্সপেক্টর জামাত আলী, দর্শনা থানার এসআই ফাইমসহ একটি চৌকস দল।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট আরও জানায়, পবিত্র মাহে রমজান মাসে দ্রব্যমূল্যর পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুরো মাস জুড়ে বাজার মনিটরিং ও অভিযান অব্যাহত থাকবে।

কোটচাঁদপুরে গাঁজাসহ তিন জন

আটক

৯শ গ্রাম গাঁজাসহ তিন জনকে আটক করেছে কোটচাঁদপুর থানা পুলিশ। গত সোমবার রাতে উপজেলার পাশপাতিলা গ্রাম থেকে তাদেরকে আটক করা হয়।

জানা যায়, সোমবার রাতে কোটচাঁদপুর মডেল থানা পুলিশ উপজেলার পাশপাতিলা গ্রামের শংকর দাসের বাড়ি থেকে ৯শ গ্রাম গাঁজা উদ্ধার করেন। এসময় ওই ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে বাড়ির মালিককেও আটক করেন।

পরে তার স্বীকারক্তিতে আরো দুই জনকে আটক করেন পুলিশ। আটককৃতরা হলেন, বলাবাড়িয়া গ্রামের মৃত নিরাপদো দাসের ছেলে বাবু দাস ও একই গ্রামে বিপেন দাসের ছেলে বেচা দাস।

এ ব্যাপারে কোটচাঁদপুর মডেল থানার উপ-পরিদর্শক (এসআই) আব্দুল মান্নান জানান, গোপন সংবাদের ভিত্তিতে পাশপাতলা গ্রামে অভিযান চালিয়ে ৯শ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

এ সময় ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে তিন জনকে আটক করা হয়।এ ব্যাপারে থানায় তাদের বিরুদ্ধে মাদক আইনে মামলা হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে ওই তিনজনকে পুলিশ আদালতে পাঠিয়েছেন।